

সে নারীকে যদি তুই মা' বলে ডাকিস্।
 তাহলে আমাকে বাছা লইতে পারিস্।।
 আমি গেলে 'মা' বলিয়া ডাকিতে হইবে।
 ডাকা মাত্র তার শ্বেতরোগ সেরে যাবে।।
 হইয়াছ হরিভক্ত হ'লে রিপু জয়।
 এইটুকু বাকী আছে তা হ'লেই হয়।।'
 ঠাকুরের পদে রায় পড়িল কাঁদিয়া।
 'এ হেন করুণাসিদ্ধু পেলেম আসিয়া।।
 কোন দিন যাবেন তা দেন ঠিক করি।
 সেই দিন যেতে হবে এ দাসের বাড়ী।'
 ঠাকুর দিলেন তার দিন ধার্য্য করি।
 আজ্ঞা মাত্র আয়োজন করিল তাহারি।।
 দেশে দেশে গ্রামে গ্রামে যত ভক্তগণ।
 সব ঠাঁই একেবারে হ'ল নিমন্ত্রণ।।
 ঠাকুর করিল যাত্রা পাইকডাঙ্গায়।
 যাত্রাকালে সঙ্গে ভক্ত দেড়শত হয়।।
 মৃত্যুঞ্জয় দশরথ গোস্বামী গোলোক।
 আগে যায় হীরামন হইয়া পুলক।।
 উপনীত হয় গিয়া থাম ফুকুরায়।
 অধিকারী উপাধি ঈশ্বর দেখে তায়।।
 ছেঁড়া কাঁথা দিয়া গলে দস্তে তুণ ল'য়ে।
 মুখে নাহি স্মুরে বাক্য রহে দাঁড়াইয়ে।।
 চক্ষের জলেতে বক্ষ ভাসিয়া চলিল।
 দেখিয়া প্রভুর মনে দয়া উপজিল।।
 ঠাকুর জিজ্ঞাসা করে ভক্তগণ ঠাঁই।
 'বলত ঠাকুর বাড়ী যাই কিনা যাই?'
 মৃত্যুঞ্জয় দশরথ বলে জোড়হাতে।
 'যাওয়া উচিত হয় ঠাকুর বাড়ীতে।।'
 ঠাকুর চলিল সব ভক্তগণ ল'য়ে।
 নাম-সংকীৰ্ত্তন করে আনন্দে মাতিয়ে।।
 সব ভক্তগণ উঠে হরিধ্বনি দিয়ে।
 হীরামন চলিলেন অথবর্তী হ'য়ে।।

অধিকারী গোস্বামীর গলে কাঁথা ছিল।
 সেই কাঁথা হীরামন মাথায় লইল।।
 প্রভু হরিচাঁদ কহে "হীরামন জয়।
 জান না কি জন্যে কাঁথা ল'য়েছে মাথায়।।
 উহার মনের ভাব দুই প্রভু পিছে।
 আমি ভৃত্য দাসরূপে অগ্রে পাঠাইয়াছে।।"
 মহাপ্রভু কহে "অগ্রে যাক্ হীরামন।
 অধিকারী কর তার পশ্চাতে গমন।।
 আমি যাব তব পিছে আনন্দ হৃদয়।
 তার পিছে যা'বে দশরথ মৃত্যুঞ্জয়।।
 আর সব ভক্ত যাবে তাহার পশ্চাতে।
 গোলোক যাউক তার যথা ইচ্ছা মতে।।
 তুমি মম অগ্রে থেকে গান ধরে দেও।
 নেচে গেয়ে স্বরূপের বাড়ী চলে যাও।।
 অধিকারী গোস্বামী ধরিল সংকীৰ্ত্তন।
 পশ্চাতে দোহারী করে যত ভক্তগণ।।
 অধিকারী কণ্ঠধ্বনি সিংহের গজ্জর্ন।
 মৃত্যুঞ্জয় দশরথ তা দৃশ দু'জন।।
 আর সব ভক্তগণ পিছে পিছে যায়।
 ভীমনাদ কণ্ঠধ্বনি মত্তহস্তী প্রায়।
 সব জিনি দেয় ধ্বনি গোলোক গৌসাই।
 জলন্ত পাবক যেন অথ পিছে ধাই।।
 জয় হরি বল মন গৌর হরি বল।
 সব ভক্ত মধ্যে গোলোকের এই বোল।।
 সব ভক্তগণ গায় সুমধুর ধূয়া।
 হেলিয়া দুলিয়া নাচে গোবিন্দ মতুয়া।।
 বিমুখ হইয়া পিছে মাথা নোয়াইয়া।
 কক্ষ বাদ্য বুড়বুড়ি দু'বাছ তুলিয়া।।
 তাহা শুনি মঙ্গল সে বুড়বুড়ি দেন।
 বুড়বুড়ি করিতে বদনে উঠে ফেন।।
 সব ভক্ত ক'রে লক্ষ উল্লক্ষ প্রলক্ষ।
 ঠিক যেন তাহাতে হ'তেছে ভূমিকম্প।।